

শিক্ষার্থীদের আতঙ্কিত না হতে বলেছেন কুবি উপাচার্য

ভূমিকম্পে ভবনে ফাটল

কুবি প্রতিনিধি

০৮ ডিসেম্বর ২০২৩, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক
আমাদেশময়



কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এএফএম আবদুল মউল জানিয়েছেন, তোমাদের আতঙ্কিত হওয়ার কিছু নেই। ভবনগুলোর সংযোগস্থলের ফাটল। এসব জায়গা সাধারণত ফাঁকাই থাকে বলে জানিয়েছেন প্রকৌশলীরা। তারপরও আমরা দ্রুততম সময়ের মধ্যে বাইরে থেকে অভিজ্ঞ প্রকৌশলী এনে সব ভবন দেখিয়ে নেব। ভূমিকম্পপ্রবর্তী অবস্থা পর্যবেক্ষণের উদ্দেশ্যে প্রকৌশলীদের সঙ্গে আবাসিক হল ও অন্য ভবনগুলো ঘুরে দেখার সময় শিক্ষার্থীদের এ কথা জানান তিনি। গতকাল সকাল ৮টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল পরিদর্শনের জন্য আসেন তিনি। এরপর ক্রমান্বয়ে কাজী নজরুল ইসলাম হল এবং নওয়াব ফয়জুন্নেছা চৌধুরাণী হল পরিদর্শন করেন। প্রাথমিক পর্যবেক্ষণে কয়েকটি দেয়ালে সামান্য ক্ষতি ছাড়া ভবনগুলোর কোনো কাঠামোগত ক্ষতি হয়নি বলে জানান প্রকৌশলীরা। উপাচার্য এই সময় উপস্থিত শিক্ষার্থীদের সঙ্গে কথা

বলেন এবং তাদের খোঁজখবর নেন। পরিদর্শনের পর উপাচার্য বলেন, এ ব্যাপারে আমি কুমিল্লার জেলা প্রশাসকসহ সরকারি প্রশাসনের সঙ্গে যোগাযোগ করেছি। আমাদের প্রশাসনেরও এ ব্যাপারে সর্বোচ্চ সহযোগিতা থাকবে।